গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের জানুয়ারি ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : শেখ মুজিবর রহমান, যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| স্থান | : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)। |
| তারিখ ও সময় | : ৩০.০১.২০১৮ খ্রিঃ, বিকালঃ ১১:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি ইনোভেশন টিমের সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। যুগ্ম-সচিব (প্রশাসন) হিসাবে দায়িত্ব নেয়ার পর প্রথম সভা হওয়ায় টিমের সকল সদস্যদের সাথে পরিচিত হন। প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, প্রশাসনের কার্যক্রমকে আরো গতিশীল ও সহজতর করার জন্য ইনোভেশনের গুরুত্ব অপরিসীম। নতুন নতুন ইনোভেশনের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্টগুলো সামনে রেখে এদেশের জনগণের স্বাস্থ্য সেবা আরো সহজীকরণ করতে হবে। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ের ইনোভেশনগুলোকে বাছাই করে শোকেসিং এর ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেটরদের পুরস্কার/প্রণোদনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসন-৪ কে অনুরোধ করেন।

০২. **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব মো: লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে সর্বসম্মতিক্রমে বিনা সংশোধনীতে তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩. জনাব মো: লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) ও সদস্য, ইনোভেশন টিম আগত অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দকে নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন।

০৪. **ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণঃ** জনাব মো: লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তরসমূহকে নতুন বছরে ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। তিনি ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের সাথে জড়িত ব্যক্তিদের বিদেশ প্রশিক্ষণ প্রদানের জন্য মতামত প্রকাশ করেন।

০৫. **রেপ্লিকেশনের জন্য উপজেলা বাছাই:** সভাপতি রেপ্লিকেশনের জন্য উপজেলা বাছাই সংক্রান্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) জানান, "কমিউনিটিতে মা ও শিশু মৃত্যুর হার কমানো" শীর্ষক প্রকল্পটি রেপ্লিকেশনের জন্য দেশের ৬৪ জেলা প্রশাসককে দুর্গম অঞ্চল বাছাইয়ের জন্য সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ডিও লেটার প্রেরণ করা হয়েছিল। এ পর্যন্ত ২৬জন জেলা প্রশাসক দুর্গম অঞ্চল বাছাই করে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেন সে মোতাবেক প্রকল্পটি ২৬টি জেলায় রেপ্লিকেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। ২৬টি জেলায় রেপ্লিকেশন বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি সমন্বয়কের সমন্বয়ে একটি উদ্বোধনী সভা আয়োজনের জন্য প্রশাসন-৪ ও স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

০৬. **শোকেসিং ওয়ার্কশপ:** সভাপতি বলেন শোকেসিং ওয়ার্কশপের জন্য নতুন প্রকল্প বাছাই করতে হবে। বিভিন্ন জেলা থেকে প্রকল্পের তালিকা সংগ্রহ করতে হবে। সংগৃহিত প্রকল্পগুলো হতে বাছাই করে গ্রহণযোগ্য একটি নতুন প্রকল্পের তালিকা তৈরী করতে হবে। গত শোকেসিং এ অনির্বাচিত প্রকল্পগুলোও নতুন তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। অধিদপ্তরগুলোকে চলতি মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের জন্য বাছাইকৃত প্রকল্পের নতুন তালিকা মন্ত্রণালয়ে প্রেরণে জন্য অনুরোধ জানান। তিনি উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়)-কে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে মার্চ, ২০১৮ এর মধ্যে একটি সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। উক্ত সভায় ইনোভেটরগণ তাদের প্রকল্পগুলোর কার্যক্রম উপস্থাপন করবেন।

০৭. **মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতি:** ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি জানান, অধিদপ্তরের অনলাইন ভিত্তিক ঔষধের বিরুপ প্রতিক্রিয়ার রিপোর্টটি নির্ধারিত মূল্যের অধিকমূল্যে ঔষধ বিক্রির বিষয়ে অভিযোগ এবং নকল ঔষধ চিহ্নিতকরণ বিষয়ে প্রকল্পটির অধিকাংশ কার্যক্রম সম্পন্ন হয়েছে। মোবাইল অপারেটরদের সাথে এসএমএস বিষয়ক ইন্টিগ্রেশন অচিরেই সম্পন্ন হবে। বর্তমানে প্রধানমন্ত্রীর কার্যালয়, এটুআই কর্তৃক ভেরিফিকেশন চলছে এবং শীঘ্রই প্রকল্পটির কার্যক্রম উদ্বোধন করা হবে।

০৮. জনাব মো: আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, ডিজিটাল এটেনডেন্স, এসএমএস, অনলাইনে লাইসেন্স নবায়ন, স্টাফদের ডাটাবেজ তৈরি এবং প্রজেক্ট অনলাইন মনিটরিং এর কার্যক্রম চলমান রয়েছে। অনলাইন রিক্রুটমেন্ট এবং রিপেয়ারিং সংক্রান্ত এ্যাপস চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন। জনাব মো: লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) প্রকল্পগুলোকে প্রস্তাব আকারে উপস্থাপন করে এটুআই ও মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান।

০৯. জনাব মো: রেজানুর রহমান, চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি জানান, নিমিউ এন্ড টিসি'র কার্যক্রমকে আরো স্বচ্ছ ও গতিশীল করার জন্য মাঠ পর্যায়ের অফিসসমূহের সাথে শীঘ্রই ভিডিও কনফারেন্স যোগাযোগের উদ্যোগ গ্রহণ করেছে।

১০. **মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শন:** সভাপতি মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, অধিদপ্তরসমূহকে স্ব স্ব প্রকল্প পরিদর্শন করতে হবে। মেন্টরস দিয়ে পরিদর্শন করার সময় প্রকল্পসমূহে সমস্যা দৃষ্টিগত হলে সেগুলো সমাধান করতে হবে। কর্মকর্তা বদলের সাথে সাথে যেন প্রকল্প বাদ না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। অনেক প্রকল্প সম্পন্ন হয়েছে সেগুলোকে যুক্ত করতে হবে।

১১. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১১.১ | স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; | অধিদপ্তর/দপ্তর/সংস্থা |
| ১১.২ | মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রতি অর্থ বছরে কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) ও ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে; | অধিদপ্তর/দপ্তর/সংস্থা |
| ১১.৩ | শোকেসিং এর জন্য ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলো পরিদর্শন করে তালিকা তৈরী করতে হবে। প্রয়োজনে এটুআই কর্মকর্তাদের সাথে যোগাযোগের মাধ্যমে অসমাপ্ত প্রকল্পগুলোর তালিকা প্রেরণ করতে হবে; | অধিদপ্তর/দপ্তর/সংস্থা |
| ১১.৪ | "কমিউনিটিতে মা ও শিশু মৃত্যুর হার কমানো" প্রকল্পটি ২৬টি জেলায় রেপ্লিকেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | স্বাস্থ্য অধিদপ্তর |
| ১১.৫ | মার্চ, ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়ে একটি সভা আয়োজন করতে হবে; | চিফ ইনোভেশন অফিসার |
| ১১.৬ | অনলাইন ভিত্তিক ঔষধের বিরুপ প্রতিক্রিয়ার রিপোর্টটি নির্ধারিত মূল্যের | ঔষধ প্রশাসন অধিদপ্তর |

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | অধিকমূল্যে ঔষধ বিক্রির বিষয়ে অভিযোগ এবং নকল ঔষধ চিহ্নিতকরণ বিষয়ে প্রকল্পটির কার্যক্রম ত্বরান্বিত করতে হবে; | |
| ১১.৭ | ডিজিটাল এটেনডেন্স, এসএমএস, অনলাইনে লাইসেন্স নবায়ন, স্টাফদের ডাটাবেজ তৈরি, প্রজেক্ট অনলাইন মনিটরিং, অনলাইন রিক্রুটমেন্ট এবং রিপেয়ারিং সংক্রান্ত এ্যাপস চালুকরণ প্রকল্পটি প্রস্তাব আকারে এটুআই ও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১১.৮ | মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনপূর্বক সমস্যা চিহ্নিত করে সেগুলো সমাধান করতে হবে; | ইনোভেশন টিম অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |
| ১১.৯ | সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ Human Resource সংক্রান্ত Database Software প্রস্তুত করতে হবে; | কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১১.১০ | দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে। | উপসচিব (প্রশাসন-১ ও ২), স্বাস্থ্য সেবা বিভাগ |

১২. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০৬.০২.২০১৮
(শেখ মুজিবর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার।

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০১.২০১৬-৫৮

তারিখ: ২৫ মাঘ ১৪২৪ / ০৭ ফেব্রুয়ারি ২০১৮

সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. যুগ্মসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৬. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

০৭/০২/২০১৮

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd